া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬৭]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৪০: ক্রয়-বিক্রয় ও লেনদেনের ক্ষেত্রে উদারতা দেখানো, উত্তমরূপে ঋণ পরিশোধ ও প্রাপ্য তলব করা, ওজন ও মাপে বেশি দেওয়ার মাহাত্ম্য, ওজন ও মাপে নেওয়ার সময় বেশী নেওয়া এবং দেওয়ার সময় কম দেওয়া নিষিদ্ধ এবং ধনী ঋণদাতার অভাবী ঋণগ্রহীতাকে (যথেষ্ট সময় পর্যন্ত) অবকাশ দেওয়া ও তার ঋণ মকুব করার ফ্যীলত

بَابُ فَضْلِ السَّمَاحَةِ فِي الْبَيْعِ وَالشِّرَاءِوَالْأَخْذِ وَالْعَطَاءِ، وَحُسْنِ الْقَضَاءِ وَالتَّقَاضِيْ، وَإِرْجَاحِ الْمِكْيَالِ وَالْمِيْزَانِ، وَالنَّهْيِ عَنْ التَّطْفِيْفِ، وَفَضْلِ إِنْظَارِ الْمُوْسِرِ وَالمُعْسِرِ وَالْوَضْعِ عَنْهُ

আরবী

وَعَن أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَجُلاً أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم يَتَقَاضَاهُ فَا غَلْظَ لَهُ، فَهَمَّ بِهِ أَصْحَابُهُ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «دَعُوهُ، فَإِنَّ لِصَاحِبِ الحَقِّ مَقَالاً» ثُمَّ قَالَ: «أَعْطُوهُ سِنّاً مِثْلَ سِنِّهِ» قَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، لاَ نَجِدُ إِلاَّ أَمْثَلَ مِنْ سِنِّهِ، قَالَ: «أَعْطُوهُ، فَإِنَّ خَيْرَكُمْ أَحْسَنُكُمْ قَضَاءً». متفقٌ عَلَيْهِ

বাংলা

(وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرِ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ ﴾ (البقرة: ٢١٥ 🗖 तलन, 🗆 ٢١٥)

অর্থাৎ তোমরা যে কোন সৎকাজ কর না কেন, আল্লাহ তা সম্যকরূপে অবগত। (সূরা বাকারাহ ২১৫ আয়াত) তিনি অন্যত্র বলেন.

﴿ وَيَا قَوْمِ أَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ ١٤ وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ ﴾ (هود: ٨٥)

অর্থাৎ হে আমার সম্প্রদায়! তোমরা মাপ ও ওজনকে পুরোপুরিভাবে সম্পন্ন কর এবং লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিয়ো না। (হুদ ৮৫ আয়াত)



তিনি আরও বলেন,

﴿ وَيْلٌ لِلْمُطَفِّفِينَ ١ الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ ٢ وَإِذَا كَالُوهُمْ أَوْ وَزَنُوهُمْ يُخْسِرُونَ ٣ أَلَا يَظُنُّ أُو وَيْلُ لِلْمُطَفِّفِينَ ١ ﴾ (المطففين: ١، ٦)

অর্থাৎ ধ্বংস তাদের জন্য যারা মাপে কম দেয়, যারা লোকের নিকট হতে মেপে নেওয়ার সময় পূর্ণ মাত্রায় গ্রহণ করে। এবং যখন তাদের জন্য মেপে অথবা ওজন করে দেয় তখন কম দেয়। তারা কি চিন্তা করে না যে, তাদেরকে পুনরুখিত করা হবে। এক মহা দিবসে; যেদিন দাঁড়াবে সমস্ত মানুষ বিশ্ব-জাহানের প্রতিপালকের সম্মুখে। (মুত্বাফফিফীন ১-৬ আয়াত)

১/১৩৭৫। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে রূঢ়ভাবে তাঁর কাছে পাওনা তলব করল। তখন সাহাবীগণ তাকে ভৎর্সনা করতে চাইলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন, "ওকে ছেড়ে দাও। কারণ হক (পাওনা)দারের কথা বলার অধিকার আছে।" তারপর বললেন, "ওকে ঠিক সেই বয়সের (উট) দিয়ে দাও যে বয়সের (উট) ওর ছিল।" তাঁরা বললেন, 'হে আল্লাহর রাসূল! তার চেয়ে উত্তম (উট) বৈ পাচ্ছি না।' তিনি বললেন, "ওকে (ওটিই) দিয়ে দাও, কেননা, তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম, যে ব্যক্তি উত্তম-ভাবে ঋণ পরিশোধ করে থাকে।" (বুখারী ও মুসলিম) [1]

English

(240) Chapter: Excellence of Fair Bargaining and Matters Relation to it

Allah, the Exalted, says:

"And whatever you do of good deeds, truly, Allah knows it well." (2:215)

"And O my people! Give full measure and weight in justice and reduce not the things that are due to the people." (11:85)

"Woe to Al-Mutaffifun (those who give less in measure and weight). Those who, when they have to receive by measure from men, demand full measure. And when they have to give by measure or weight to (other) men, give less than due. Do they not think that they will be resurrected (for reckoning). On a Great Day? The Day when (all) mankind will stand before the Rubb of the `Alamin (mankind, jinn and all that exists)?" (83:1-6)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

A man demanded of the Prophet (ﷺ) for repayment of a loan and was harsh



to him. His Companions were about to attack him, but he (ﷺ) said, "Leave him, as the creditor is entitled to make a demand. Give him a camel of the same age as the camel that is due to him." They said: "We find a better camel senior to it in age." He (ﷺ) said, "Then buy it and give it to him; verily the best of you is the one who is the best in discharging his obligations (repayment of loans)."

[Al- Bukhari and Muslim].

Commentary:

- 1. It is stated that the lender was Zaid bin Shu`bah Al-Kinani who had not yet embraced Islam and that accounts for his not showing due regard to the Prophet (PBUH), and for his being stern in his demand. The Prophet (PBUH) advised his Companions that it is well for the affluent to demand his loan in a polite manner; but if someone does not show politeness in it, his rudeness should be ignored because he who has a rightful claim, can tend to anger although he should not cross the limits laid down by Shari`ah in this respect.
- 2. At the time of repayment of loan, it is Mustahabb (desirable) for the debtor to pay with his own pleasure something more than due to the lender; but if the lender demands more, this extra money will be deemed interest Riba (or usury) which is neither lawful to receive nor to pay.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৩০৫, ২৩০৬, ২৩৯০, ২৩৯২, ২৩৯৩, ২৪০১, ২৬০৬, ২৬০৯, মুসলিম ১৬০১, তিরমিযী ১৩১৬, নাসায়ী ৫৬১৮, ৪৬৯৩, ইবনু মাজাহ ২৪২৩, আহমাদ ৮৬৮০, ৮৮৬২, ৯১২৪, ৯১৮৯, ৯৫৭০, ৯৮১৪, ১০২৩১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন